গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কাযালয়, ফরিদপুর
আইসিটি শাখা
www.faridpur.gov.bd

## জেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটির ফেব্রুয়ারি ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ<br>জেলাপ্রশাসক, ফরিদপুর। |
| সভার তারিখ ও সময় | : | ১৫/০২/২০২৪ খ্রি. বেলা ১২:১৫ টা। |
| সভার স্থান | : | জেলাপ্রশাসক, ফরিদপুর এর সম্মেলন কক্ষ। |
| পরিশিষ্ঠ- ক | : | সভার উপস্থিত সদস্যগণের তালিকা। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাযক্রম শুরু করেন। বর্তমানে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির কার্যক্রমকে আরো গতিশীল করার বিষয়ে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | গত ১৮/০১/২০২৪ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। | আলোচনান্তে কার্যবিবরণীর কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | - |
| ০২ | প্রচার প্রচারণা কার্যক্রম: বিভিন্ন ধরণের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে প্রয়োজনীয় প্রচার-প্রচারণার মাধ্যমে কিশোর-কিশোরীদের সাইবার বুলিং ও সাইবার অপরাধ সম্পর্কে সচেতন করা। | ১) সাইবার অপরাধ বিষয়ে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম (প্রচার-প্রচারণা, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি) গ্রহণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) জেলা আইসিটি প্রোগ্রামার সাইবার অপরাধ বিষয়ে একটি বিজ্ঞাপন/ভিডিওচিত্র তৈরি করবেন এবং তা সোশ্যাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করবেন। যে ব্যক্তির ফেসবুক আইডি থেকে উক্ত বিজ্ঞাপন/ভিডিওচিত্র সবচেয়ে বেশি লাইক, কমেন্ট ও শেয়ার করা হবে তাকে পুরস্কারের সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>৩) শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সাইবার অপরাধ সম্পর্কে ধারণা প্রদানের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারগণ সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করবেন।<br>৪) জেলা প্রোগ্রামার এবং উপজেলার সহকারী প্রোগ্রামারগণ শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনকালে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে সাইবার অপরাধ সম্পর্কে সচেতনতামূলক বক্তব্য দিবেন এবং পরিদর্শন রেজিস্টারে মন্তব্য লিপিবদ্ধ করবেন। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৩) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর<br>৪) জেলা সিনিয়র তথ্য কর্মকর্তা, ফরিদপুর<br>৫) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার |
| ০৩ | সাইবার অপরাধ প্রতিরোধে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ | ১) সাইবার অপরাধ প্রতিরোধে প্রতিকারমূলক ব্যবস্থা হিসেবে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করে সেই অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২) শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে সাইবার অপরাধ, আইন এবং সাইবার অপরাধের শাস্তি সম্পর্কে সচেতনতা মূলক লিফলেট আগামী এক মাসের মধ্যে বিতরণ সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৩) অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, ফরিদপুর<br>৪) প্রোগ্রামার(ভা:), ফরিদপুর |
| ০৪ | শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধে "এন্টি বুলিং কমিটি (এবিসি)" গঠন | "শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা-২০২৩" অনুসরণপূর্বক আগামী সভার পূর্বেই আবশ্যিকভাবে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধে ৩-৫ সদস্য বিশিষ্ট Anti Bullying Commitee (ABC) কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৩) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর |
| ০৫ | অভিভাবক ও শিক্ষার্থীদের জন্য ডিজিটাল লিটারেসি সেন্টার (DLC) কোর্স | ০১) অভিভাবক ও শিক্ষার্থীদের জন্য ডিজিটাল লিটারেসি সেন্টার (DLC) অনলাইন কোর্সে অংশগ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সকল শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ জন শিক্ষার্থী এবং ০৫ জন শিক্ষক DLC-তে রেজিস্ট্রেশন ও অনলাইন কোর্স সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) সাইবার বুলিং ও সোশ্যাল মিডিয়ার গুজব বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করতে হবে ও সংশ্লিষ্ট এনজিও এবং 'তথ্য আপা'র মাধ্যমে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর<br>৩) আঞ্চলিক পরিচালক, বিসিসি ফরিদপুর |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | আইনি ও অন্যান্য সহায়তা প্রদান ও পুনর্বাসন করা | ১) সাইবার অপরাধের শিকার কিশোর-কিশোরীদের যথোপযুক্ত আইনি সহায়তা নিশ্চিত করে ভিক্টিমদের দ্রুত পুনর্বাসন করতে হবে।<br>২) এ (সাইবার অপরাধ মামলা ও ভিক্টিমদের পুনর্বাসন) সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করা এবং নিয়মিত এর অগ্রগতি পর্যালোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) পুলিশ সুপার, ফরিদপুর<br>২) সিভিল সার্জন, ফরিদপুর<br>৩) পাবলিক প্রসিকিউটর, ফরিদপুর |
| ০৭ | বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন নিউজ পোর্টালে বিভিন্ন গুজব ও মিথ্যা তথ্য প্রচারের বিষয়ে আলোচনা | বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন ব্লগ, অনলাইন নিউজ পোর্টালে বিভিন্ন ধরণের সরকার বিরোধী প্রচারণা, গুজব ও মিথ্যা তথ্য প্রচার করা হয়। এ ছাড়া বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধেও মিথ্যা ও ভিত্তিহীন তথ্য প্রচার করা হয়। এ সকল মিথ্যা তথ্য প্রচারকারীদের আইডির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) পুলিশ সুপার, ফরিদপুর।<br>২) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর |
| ০৮ | উপজেলা কমিটির সভা আয়োজন ও কার্যবিবরণী স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড। | উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি প্রতিমাসে সভা আয়োজন পূর্বক সভার কার্যবিবরণী স্ব-স্ব উপজেলা ওয়েব পোর্টালে আপলোড এবং জেলাপ্রশাসকের কার্যালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর। |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১।২।২৪

(মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ)
জেলাপ্রশাসক
ফরিদপুর
ফোন নং- ০২৪৭৮৮০৩০২২
email:dcfaridpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.১২.২৯০০.০২১.০৩.০০১.২৪- ৪২
তারিখঃ ২০/০২/২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১) সচিব, যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
০২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
০৫) পুলিশ সুপার, ফরিদপুর।
০৬) সিভিল সার্জন, ফরিদপুর।
০৭) অধ্যক্ষ, ..................................................................,ফরিদপুর।
০৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।
০৯) কোম্পানি কমান্ডার, র‍্যাব-১০, ফরিদপুর।
১০) জেলা সিনিয়র তথ্য অফিসার, ফরিদপুর।
১১) উপপরিচালক, সমাজসেবা/যুব উন্নয়ন অধিদপ্তর, ফরিদপুর।
১২) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
১৩) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ফরিদপুর।
১৪) প্রোগ্রামার (ভা:), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফরিদপুর।
১৫) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর।
১৬) পাবলিক প্রসিকিউটর, ফরিদপুর।
১৭) সভাপতি, প্রেস ক্লাব, ফরিদপুর।
১৮) প্রধান শিক্ষক.................................................................................ফরিদপুর।
১৯) জেলা ..............................................................................দপ্তর, ফরিদপুর।
২০) জনাব .............................................................................., ফরিদপুর।

২০/০২/২৪
ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।